**রাজশাহী জেলাধীন বাগমারা উপজেলা পরিষদের সেপ্টেম্বর, ২০২৩ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| অধিবেশন নং | ঃ | ৪৬/২০২৩ |
| সভার তারিখ | ঃ | ২৭-০৯-২০২৩ খ্রি. |
| সময় | ঃ | সকাল ১০.৩০ টা |
| সভাপতি | ঃ | বীর মুক্তিযোদ্ধা জনাব অনিল কুমার সরকার<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাগমারা, রাজশাহী। |

সভায় উপস্থিত সদস্যদের তালিকা-পরিশিষ্ট "ক"(সংযুক্ত)
সভায় অনুপস্থিত সদস্যদের তালিকা-পরিশিষ্ট "খ"(সংযুক্ত)

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। অতঃপর আলোচ্য সূচি অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করা হয় এবং আলোচ্য সূচি অনুযায়ী সভা পরিচালনা করা হয়।

**আলোচ্য বিষয় ঃ (১) বিগত সভার কার্যবিবরণী পঠন, অনুমোদন ও দৃঢ়ীকরণ।**

সভায় গত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণী সঠিক ও কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হলো।

**আলোচ্য বিষয় ঃ (২) বিভিন্ন দপ্তরের নিজস্ব অর্থায়নে উন্নয়ন প্রকল্প/কাজের অগ্রগতি সংক্রান্ত।**

| ক্রমিক নং | দপ্তর/ কার্যালয়ের নাম | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | **১। এলজিইডির নিজস্ব অর্থায়নে রাস্তা রক্ষনাবেক্ষণ ঃ**<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, এলজিইডি কর্তৃক অত্র উপজেলা রাস্তা রক্ষনাবেক্ষণ খাতে ২০২৩-২৪ অর্থ বছরে ১০,০০,০০০০/- (দশ কোটি) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। বরাদ্দকৃত অর্থে অত্র উপজেলার নির্ধারিত রাস্তাঘাট সংস্কারের কাজ চলমান রয়েছে।<br>**২। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবন নির্মাণ ঃ**<br>এ উপজেলায় নির্মানাধীন ৩০ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ২১ টি বিদ্যালয়ের নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। অবশিষ্ট ০৯টি বিদ্যালয়ের কাজ দ্রুততম সময়ে সমাপ্ত হবে।<br>**৩। উপজেলা পরিষদের বাউন্ডারী ওয়াল নির্মাণ ঃ**<br>উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদের দক্ষিণ ও পশ্চিম দিকে সীমানা প্রাচীর না থাকায় সরকারি জায়গা অপদখলের সম্ভাবনা রয়েছে। এছাড়া, উত্তর দিকে সীমানা প্রাচীরের কিছু অংশ ভেঙ্গে পড়ায় তা সংস্কার করা প্রয়োজন। বিষয়টি উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অবহিত করা হলে সরেজমিন তদন্ত করে সীমানা প্রাচীর নির্মাণ ও সংস্কারের লক্ষ্যে প্রাক্কলন প্রস্তুতের জন্য নির্দেশনা প্রদান করেন। উক্ত নির্দেশনার প্রেক্ষিতে সরেজমিন তদন্ত ও পরিমাপ করে সীমানা প্রাচীর নির্মাণের জন্য প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনটি সভায় উপস্থাপন করেন। প্রাক্কলন অনুযায়ী বর্ণিত কাজের জন্য মোট প্রাক্কলিত অর্থের পরিমাণ ৩৩,৭৮,৫৪৫/- টাকা। এ প্রসঙ্গে চেয়ারম্যান উপজেলা পরিষদ মহোদয় আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে উপজেলা পরিষদ ক্যাম্পাসের সার্বিক নিরাপত্তা নিশ্চিত ও সরকারি জায়গা অপদখল রোধে জরুরী ভিত্তিতে সীমানা প্রাচীর নির্মাণ ও সংস্কার করার উপর গুরুত্বারোপ করেন। উপজেলা প্রকৌশলী কর্তৃক উপস্থাপিত প্রাক্কলন নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১। এলজিইডির নিজস্ব অর্থায়নে নির্ধারিত সময়ে মধ্যে রাস্তা সংস্কারের কাজ সমাপ্তির জন্য উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>২। শিক্ষার্থীদের শ্রেণিকক্ষ সংকট নিরসনে অবশিষ্ট ০৯টি প্রাথমিক বিদ্যালয়ের ভবন নির্মাণের কাজ সমাপ্তির জন্য উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>৩। উপজেলা পরিষদ ক্যাম্পাসের নিরাপত্তা নিশ্চিত ও সরকারি জমি অপদখল রোধে সীমানা প্রাচীর নির্মাণ ও সংস্কারের জন্য উপজেলা প্রকৌশলী কর্তৃক উপস্থাপিত ৩৩,৭৮,৫৪৫/- টাকার প্রাক্কলন সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। এছাড়া, উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে উক্ত ব্যয় নির্বাহের জন্য অনুমোদন প্রাপ্তির লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ব্যবস্থা গ্রহণ করবেন। |

| | | | |
|---|---|---|---|
| ০২ | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরে খরিপ মৌসুমে গ্রীষ্মকালীন পেঁয়াজ আবাদ বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ সার ও অন্যান্য অনুদান বরাদ্দ পাওয়া গেছে। আগামী ৩০/০৯/২০২৩খ্রি. তারিখে মাননীয় সংসদ সদস্যের উপস্থিতিতে অত্র উপজেলার নির্বাচিত ৫৫০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মধ্যে বিনামূল্যে বীজ সার ও অন্যান্য অনুদান বিতরণ করা হবে। বিতরণ অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য সকল বিভাগীয় কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | গ্রীষ্মকালীন পেঁয়াজ আবাদ বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ সার ও অন্যান্য অনুদান বিতরণ অনুষ্ঠানে বিভাগীয় কর্মকর্তাদের উপস্থিত থাকার বিষয়ে উপজেলা কৃষি অফিসার ব্যবস্থা গ্রহণ করবেন। |
| ০৩ | প্রাণি সম্পদ অধিদপ্তর | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় জানান যে, আগামী ৩০/০৯/৩০২৩খ্রি. তারিখে সারা বাংলাদেশে একযোগে ছাগলের পিপিআর রোগ প্রতিরোধে টিকা প্রদান কার্যক্রম উদ্বোধন করা হবে। বাগমারা উপজেলায় প্রতিটি ইউনিয়নে এই টিকা প্রদান কার্যক্রম উক্ত তারিখে আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হবে। টিকা কার্যক্রম ৩০/০৯/২০২৩ খ্রি. তারিখে হতে ০৯/১০/২০২৩খ্রি. তারিখ পর্যন্ত পরিচালিত হবে। বিষয়টি স্ব স্ব এলাকায় প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ জানান। | বাগমারা উপজেলায় ছাগলের রোগ প্রতিরোধে পিপিআর টিকা প্রদানের বিষয়টি স্ব স্ব এলাকায় ব্যাপক প্রচারের জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানবৃন্দ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। |
| ০৪ | স্বাস্থ্য অধিদপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, আগামী ৩০/০৯/২০২৩খ্রি. হতে ০৪/১০/২০২৩খ্রি. তারিখ পর্যন্ত ইলেকট্রনিক ডাটা ট্র্যাকিংসহ জনসংখ্যা ভিত্তিক জরায়ু-মুখ ও স্তন ক্যান্সার স্কীনিং কর্মসূচির আওতায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে অত্র উপজেলার সকল ইউনিয়নে ক্যাম্প পরিচালিত হবে। বিষয়টি ইউনিয়ন পর্যায়ে ব্যাপক প্রচারসহ ক্যাম্প পরিচালনায় সার্বিক সহযোগিতা প্রদানের জন্য জনপ্রতিনিধিবৃন্দকে অনুরোধ জানান। | জরায়ু-মুখ ও স্তন ক্যান্সার স্কীনিং কর্মসূচির বিষয়টি স্ব স্ব এলাকয় ব্যাপক প্রচারসহ ক্যাম্প পরিচালনায় উপজেলা স্বাস্থ্য দপ্তরকে ইউপি চেয়ারম্যানবৃন্দ প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন। |
| ০৫ | পল্লী বিদ্যুৎ সমিতি-১ | ডেপুটি জেনারেল ম্যানেজার, নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১, বাগমারা সভায় জানান যে, সরকারী সিদ্ধান্ত অনুযায়ী নতুন ভবন নির্মাণে সোলার প্যানেল অপসন রাখা না হলে ভবিষ্যতে বিদ্যুৎ সংযোগ প্রদানে জটিলতার সৃষ্টি হতে পারে। যার জন্য তিনি স্ব স্ব পৌর ও ইউনিয়ন এলাকায় নির্মিত নতুন ভবন সমূহে সৌলার প্যানেল অপসন রাখার বাধ্যবাধকতার বিষয়টি প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রতিনিধিবৃন্দকে অনুরোধ জানান। | সরকারী সিদ্ধান্ত অনুযায়ী নতুন ভবন নির্মাণে সোলার প্যানেল অপসন রাখার বিষয়টি স্ব স্ব এলাকায় ব্যাপক প্রচারের জন্য পল্লী বিদ্যুৎ বিভাগসহ জনপ্রতিনিধিবৃন্দ ব্যবস্থা গ্রহণ করবেন। |
| ০৬ | শিক্ষা অধিদপ্তর | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল প্রতিযোগিতায় অত্র উপজেলার মীরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় জেলা পর্যায়ে চ্যাম্পিয়ান হয়েছে। আগামী ০৫ অক্টোবর ২০২৩ খ্রি. তারিখে বিভাগীয় পর্যায়ের খেলা শুরু হবে। তিনি আর জানান বাগমারা উপজেলায় নতুন ০২টি প্রাথমিক বিদ্যালয়ের অনুমোদন দেয়া হয়েছে। এছাড়া তার বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল প্রতিযোগিতায় অত্র উপজেলার মীরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় জেলা পর্যায়ে চ্যাম্পিয়ান হওয়ায় সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষক এবং উপজেলা শিক্ষা অফিসারকে অভিনন্দন জানানো হয়। বিভাগীয় পর্যায়ে এধারা অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা অফিসারসহ সংশ্লিষ্ট বিদ্যালয়ের শিক্ষক মন্ডলী ব্যবস্থা গ্রহণ করবেন। |

| | | | |
|---|---|---|---|
| ০৭ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় জানান যে, আগামী ৩০/০৯/২০২৩খ্রি. তারিখ জাতীয় কন্যা শিশু দিবস দিবসটি উদ্‌যাপন উপলক্ষ্যে মহিলা বিষয়ক অধিদপ্তর বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে। দিবসের সকল কর্মসূচির পাশাপাশি র‍্যালি ও আলোচনা সভা উপজেলা পরিষদ চত্বরে অনুষ্ঠিত হবে। র‍্যালি ও আলোচনা সভায় সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান। | জাতীয় কন্যা শিশু দিবস দিবসটি উদ্‌যাপন উপলক্ষ্যে মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক সকল কর্মসূচিতে বিভাগীয় কর্মকর্তা ও জনপ্রতিনিধিবৃন্দের উপস্থিত নিশ্চিতকরণের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ব্যবস্থা গ্রহণ করবেন। |
| ০৮ | পুলিশ বাহিনী | অফিসার ইনচার্জ, বাগমারা থানা সভায় জানান যে, বাগমারা উপজেলায় আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। ছোট-খটো চুরি ছাড়া বড়ধরনের অপরাধ সংঘটিত হয়নি। ভবিষ্যতে যেন বড় ধরণের অপরাধ সংঘটিত হতে না পারে পুলিশ বাহিনী সদা তৎপর রয়েছে। | বাগমারা উপজেলায় আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখা ও চুরি রোধসহ যাবতীয় অপরাধ সংঘটিত না হওয়ার বিষয়ে অফিসার ইনচার্জ, বাগমারা থানা, প্রয়োজনীয় ব্যবস্থা করবেন। |
| ০৯ | পল্লী সঞ্চয় ব্যাংক | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, তার দপ্তর কর্তৃক স্থানীয় চাহিদা মতে বিভিন্ন প্রকল্পের জন্য ৩০ জুন ২০২৩খ্রি. তারিখ আউট স্ট্যান্ডিং ঋণের পরিমাণ ৪২,২৪,১৯,০০০/- টাকা এ পর্যন্ত ঋণ বিতরণ করা হয়েছে ৫,০৭,৭১,০০০/- টাকা। ঋণ আদায়ের পরিমাণ ৬,০৯,১৩,০০০/- টাকা। অগ্রগতির হার ৪৫%। | পল্লী সঞ্চয় ব্যাংক কর্তৃক লক্ষ্যমাত্রা অনুযায়ী ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম জোরদার করণের জন্য ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক, বাগমারা শাখা যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। |
| ১০ | ভবানীগঞ্জ পৌরসভা | মেয়র, ভবানীগঞ্জ পৌরসভা সভায় জানান যে, ভবানীগঞ্জ হাটের সৌন্দর্য্যবর্ধন ও যানজট নিরসনে নিউমার্কেটের পশ্চিম দিকের অস্থায়ী দোকান-পাট ভেঙ্গে পরিকল্পনা মাফিক নতুনভাবে মার্কেট নির্মাণ করা প্রয়োজন। এবিষয়ে তিনি প্রশাসনের হস্তক্ষেপ কামনা করেন। | ভবানীগঞ্জ হাটের সৌন্দর্য্যবর্ধন ও যানজট নিরসনে নিউমার্কেটের পশ্চিম দিকের অস্থায়ী দোকান-পাট ভেঙ্গে পরিকল্পনা মাফিক দোকান-পাট নির্মাণ ও সরকারী নীতিমালা অনুসরণে প্রকৃত ব্যবসায়ীদের অনুকূলে বরাদ্দ প্রদানের লক্ষ্যে এসংক্রান্ত সভা অনুষ্ঠান ও সিদ্ধান্ত এবং মাষ্টারপ্লান প্রণয়নের জন্য মেয়র, ভবানীগঞ্জ পৌরসভা ব্যবস্থা গ্রহণ করবেন। |
| ১১ | নরদাশ ইউপি | চেয়ারম্যান, নরদাশ ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, তার ইউনিয়ন পরিষদের নতুন ভবন সংলগ্ন পুরাতন অফিস ভবনের ০২টি কক্ষ জরাজীর্ণ ও আংশিক ভেঙ্গে পড়ায় উক্ত স্থান এখন জনসাধারণের ডাস্টবিন হিসেবে ব্যবহৃত হচ্ছে। এতে করে ঐ এলাকার পরিবেশ দূষিত হচ্ছে। এছাড়া অর্ধভগ্ন ভবনটি অত্যন্ত ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। জরুরী ভিত্তিতে ভবনটি অপসারণের ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | নরদাশ ইউনিয়ন পরিষদের পুরাতন অর্ধভগ্ন ০২টি কক্ষ অপসারণের লক্ষ্যে সরেজমিন তদন্ত করে প্রাক্কলন প্রস্তুতের জন্য উপজেলা প্রকৌশলী ব্যবস্থা গ্রহণ করবেন। |
| ১২ | সোনাডাঙ্গা ইউপি | চেয়ারম্যান, সোনাডাঙ্গা ইউপি সভায় জানান যে, সোনাডাঙ্গা-উত্তর জামালপুর রাস্তায় সরাসরি জেলা সদরে বাস চলাচল করে। বর্তমানে রাস্তাটি ভেঙ্গে-চুরে নষ্ট হয়ে গেছে। জরুরী সংস্কার করা না হলে এ এলাকার জন সাধারণের উপজেলা ও জেলা সদরে যাতায়াত অনেক কষ্টসাধ্য হয়ে পড়বে। রাস্তাটি জরুরী মেরামতের ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | সোনাডাঙ্গা-উত্তর জামালপুর রাস্তায় যানবাহন চলাচল অব্যাহত রাখার স্বার্থে রাস্তাটি জরুরী মেরামতের জন্য উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। |
| ১৩ | উপজেলা পরিষদ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ উপস্থিত সকলকে আসন্ন শারদীয় দুর্গাপূজার অগ্রীম শুভেচ্ছা জানান। তিনি জানান বাংলাদেশ একটি সোহার্দ সম্প্রীতির দেশ। এখানে বিভিন্ন ধর্মাবলম্বি জনসাধারণ ভ্রাতৃত্ববোধ বজায় রেখে বসবাস করেন। বিগত বছরের ন্যায় এ বছরে অত্র উপজেলায় অনুষ্ঠিত দুর্গাপূজায় সকলের ঐকান্তিক সহযোগিতা কামনা করেন। | শারদীয় দুর্গোৎসব উৎসবমূখর পরিবেশ অনুষ্ঠানের লক্ষ্যে আইন-শৃংখলা রক্ষাসহ সকল প্রকার সহযোগিতার জন্য উপজেলা প্রশাসন, পুলিশ বাহিনী, জনপ্রতিনিধি ও রাজনৈতিক নেতৃবৃন্দ প্রয়োজনীয় সকল প্রকার ব্যবস্থা গ্রহণ করবেন। |

| | | | |
|---|---|---|---|
| ১৪ | জনাব ইঞ্জিনিয়ার এনামুল হক, মাননীয় সংসদ সদস্য, ৫৫ রাজশাহী - ৪ (বাগমারা) ও উপদেষ্টা, উপজেলা পরিষদ | মাননীয় সংসদ সদস্য, ৫৫ রাজশাহী -৪ (বাগমারা) ও উপদেষ্টা, উপজেলা পরিষদ উপস্থিত বিভাগীয় কর্মকর্তা ও সদস্যবৃন্দের উদ্দেশ্যে নিম্নবর্ণিত পরামর্শ প্রদান করেন ঃ<br><br>১। বিভাগওয়ারী প্রয়োজনীয় তথ্য উপাত্তসহ সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিভাগীয় কর্মকর্তাগণকে পরামর্শ প্রদান করেন।<br>২। শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীদে যাতায়াতের সুবিধার্থে সকল শিক্ষা প্রতিষ্ঠানের সংযোগ রাস্তার কাজ আবর্শ্যিকভাবে নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী দপ্তরকে পরামর্শ পদান করেন।<br>৩। স্বাস্থ্য বিভাগের দৃষ্টি আকর্ষণ করে তিনি জানান জনসাধারণ হয়তোবা কাঙ্খিত চিকিৎসা সেবা সরকারি হাসপাতালে পাচ্ছেনা। তা না হলে যেখানে সেখানে বেসরকারী ক্লিনিক গড়ে উঠত না। বেসরকারী ক্লিনিক গোড়ে উঠা রোধে চলমান ক্লিনিকসমূহে নিয়মিত পরিদর্শন/ অভিযান পরিচালনা করা প্রয়োজন। জনসাধারণের কাঙ্খিত চিকিৎসা সেবা প্রদানে সরকারী হাসপাতাল, কমিউনিটি ক্লিনিক ও সাব-সেন্টারসমূহে চিকিৎসকদের উপস্থিতি ও কাঙ্খিত সেবা প্রদান অপরিহায্য।<br>৪। ভবানীগঞ্জ বাজারে যানজট নিরশনে রাস্তার উপর কোনভাবেই যেন দোকান-পাট না বসে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, ভবানীগঞ্জ পৌরসভাকে পরামর্শ প্রদান করেন।<br><br>৫। সরকারি আইন লঙ্গন করে রাস্তা ঘেষে অনেক ভবন নির্মাণ হচ্ছে। যা কাম্য নয়। সরকারী নির্দেশনা মোতাবেক নক্সা অনুমোদন ব্যতিরেকে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান যেন রাস্তা ঘেষে আর কোন ভবন নির্মাণ করতে না পারে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করেন।<br>৬। উপজেলা হেলিপ্যাডের জমি অপদখল রোধে জরুরী ভিত্তিতে জমির পরিমাপ নির্ধারণ করে সীমনা প্রাচীর নির্মাণের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীকে পরামর্শ প্রদান করেন।<br>৭। বাগমারা উপজেলার মান উন্নয়নে প্রয়োজনে সকল দপ্তরের কর্মকর্তাগণকে তার সাথে পরামর্শের জন্য আহবান জানান। | ১। বিভাগওয়ারী প্রয়োজনীয় তথ্য উপাত্তসহ সভায় যথাসময়ে বিভাগীয় কর্মকর্তাগণ ও সদস্যবৃন্দ উপস্থিত থাকবেন।<br><br>২। শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীদে যাতায়াতের সুবিধার্থে সকল শিক্ষা প্রতিষ্ঠানের সংযোগ রাস্তা নির্মাণের বিষয়ে উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>৩। জনসাধারণের কাঙ্খিত চিকিৎসা সেবা প্রদানে সরকারী হাসপাতাল, কমিউনিটি ক্লিনিক ও সাব-সেন্টারসমূহে চিকিৎসকদের উপস্থিতি ও কাঙ্খিত সেবা প্রদান নিশ্চিতের জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এছাড়া বেসরকারী ক্লিনিক নিয়মিত পরিদর্শন / অভিযান পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>৪। ভবানীগঞ্জ বাজারে যানজট নিরশনে রাস্তার উপর কোনভাবেই যেন দোকান-পাট না বসে সে বিষয়ে মেয়র, ভবানীগঞ্জ পৌরসভা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>৫। নক্সা অনুমোদন ছাড়া কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান যেন রাস্তা ঘেষে আর কোন ভবন নির্মাণ করতে না পারে সে বিষয়ে স্ব স্ব এলাকার মেয়র/ইউপি চেয়ারম্যান ও উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>৬। উপজেলা হেলিপ্যাডের জমি অপদখল রোধে জরুরী ভিত্তিতে জমির পরিমাপ নির্ধারণ করে সীমনা প্রাচীর নির্মাণের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>৭। বাগমারা উপজেলার মান উন্নয়নে প্রয়োজনে সকল দপ্তরের কর্মকর্তাগণ মাননীয় সংসদ সদস্য মহোদয়ের সাথে পরামর্শ করবেন। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(অনিল কুমার সরকার) ২৭/০৯/২৩
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ, বাগমারা, রাজশাহী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
বাগমারা,রাজশাহী।

স্মারক নং-০৫.৪৩.৮১১২.০০২.০২.০৩৫.২২- ৯১২৬

তারিখ ঃ ১২ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
২৭ সেপ্টেম্বর ২০২৩ খ্রি.

অনুলিপি সদয় (জ্ঞাতার্থে ও কার্যার্থে)ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ৫৫ রাজশাহী-৪(বাগমারা)।

০২। সচিব, স্হানীয় সরকার বিভাগ, স্হানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। পরিচালক, স্হানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

০৪। জেলা প্রশাসক, রাজশাহী।

০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী।

০৬। মেয়র, ভবানীগঞ্জ/তাহেরপুর পৌরসভা, বাগমারা, রাজশাহী।

০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,বাগমারা,রাজশাহী।

০৮। উপজেলা .......................................................অফিসার,বাগমারা,রাজশাহী।

০৯। সহকারী প্রোগ্রামার,আইসিটি, বাগমারা, রাজশাহী। সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

১০। চেয়ারম্যান.........................................................ইউপি,বাগমারা,রাজশাহী।

১১। জনাব.................................................................... বাগমারা,রাজশাহী।

২৭/৯/২৬

(এ,এফ,এম,আবু সুফিয়ান)
উপজেলা নির্বাহী অফিসার
বাগমারা, রাজশাহী
ফোন-০২৫৮৮৮৬৯৫০১
email.unobagmara@mopa.gov.bd